

চরকুমারিয়া ইসলামিয়া ফাযিল (ডিগ্রি) মাদরাসা

অনলাইন নির্বাচনী পরীক্ষা-২০২১ ইং

শ্রেণী : ফাযিল

বিষয় : বাংলা

সময় : ৩ ঘন্টা

পূর্ণমান : ১০০

১। (ক) মহানবী (সা:) এর বিদায় হজ্জের ভাষণে ইসলামের যে মৌল বৈশিষ্ট্যগুলো উচ্চারিত হয়েছে তা সংক্ষেপে আলোচনা কর।

অথবা (খ) ‘বিষয় অনুসারেই ভাষার উচ্চতা ও সামান্যতা নির্ধারিত হওয়া উচিত’- বাঙ্গালা ভাষা প্রবন্ধ অনুসরণে এ উক্তির সার্থকতা বিশ্লেষণ কর।

২। প্রসঙ্গ উল্লেখ করে যে কোন একটি ব্যাখ্যা লিখ :

(ক) কিন্তু দাসকে দাস বললে, অন্যায়কে অন্যায় বললে এ রাজত্বে তা হবে রাজদ্রোহ।

(খ) সেই দিন হইতে বাঙালা ভাষার শ্রীবৃদ্ধি। সেই দিন হইতে শুষ্ক তরুর মূলে আমাদের জীবন বারী নিষিক্ত হইল।

৩। (ক) আবুল মনসুর আহমেদের হযুর কেবলা গল্পের মূল প্রতিপাদ্য কেবল ভন্ড ধর্ম ব্যবসায়ীদের মুখোস উন্মোচন করাই নয়, বাঙ্গালী মুসলমান সমাজের অন্ধত্ব ও কুসংস্কার নির্দেশ করাও- আলোচনা কর।

অথবা, (খ) সৈয়দ মুজতবা আলী তাঁর পাদটীকা গল্পে সমকালীন শিক্ষা ব্যবস্থার যে পরিচয় তুলে ধরেছেন তা বর্ণনা কর।

৪। প্রসঙ্গ উল্লেখ করে যে কোন একটি ব্যাখ্যা লিখ :

(ক) তাহার কপালে বিন্দু বিন্দু ঘাম দেখা দিল, কিন্তু মুখ দিয়া কোন কথা বাহির হইল না।

(খ) মানুষের প্রতি বিশ্বাস হারানো পাপ, সে বিশ্বাস শেষ পর্যন্ত রক্ষা করব।

৫। (ক) ‘সাত সাগরের মাঝি’ কবিতায় ফররুখ আহমদের ইসলামি ঐতিহ্যের পুনর্জাগরণের তথা রেনেসাঁর যে স্বপ্ন তা উপস্থাপন কর।

(খ) মাইকেল মধুসূদন দত্তের ‘বঙ্গভাষা’ কবিতা অবলম্বনে কবির মাতৃভাষা ও স্বদেশপ্রেমের পরিচয় দাও।

৬। প্রসঙ্গ উল্লেখ করে যে কোন একটি ব্যাখ্যা লিখ :

(ক) আমার কবিতা জানি আমি, গেলেও বিচিত্র পথে হয় নাই সর্বত্রগামী।

(খ) স্বাধীনতা তুমি, বাগানের ঘর, কোকিলের গান, বয়েসী বটের ঝিলিমিলি পাতা যেমন ইচ্ছা লেখার আমার কবিতার খাতা।

৭। যে কোন তিনটি প্রশ্নের উত্তর দাও :

(ক) সাধু ও চলিত ভাষা রীতির প্রধান পাঁচটি পার্থক্য লিখ।

(খ) ‘উপসর্গের অর্থবাচকতা নেই, কিন্তু অর্থদ্যোকতা আছে।’-বিশ্লেষণ কর।

(গ) যে কোন পাঁচটি প্রকৃতি ও প্রত্যয় নির্ণয় কর।

(ঘ) শব্দ কাকে বলে? উৎস অনুসারে বাংলা ভাষার শব্দসমূহকে কয়ভাগে ভাগ করা যায় আলোচনা কর।

(ঙ) নিচের শব্দগুলোর শুদ্ধরূপ লিখ।

আবশ্যকীয়, ইতিমধ্যে, প্রতিযোগীতা, দৈগ্যতা, শান্তনা।

৮। বাংলায় অনুবাদ কর :

Education is not confined with in the schools, colleges and universities only. We get education from family, society and everything is the world. The education that we derive from our practical life is more important than we get from schools and colleges. Always we are learning something.

৯। যে কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর :

(ক) ইসলামে মানবাধিকার, (খ) বাংলাদেশের ঋতুবৈচিত্র্য, (গ) কৃষিকাজে বিজ্ঞান, (ঘ) খাদ্যে ভেজাল ও জনস্বাস্থ্য, (ঙ) বাংলাদেশের উৎসব।